# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়,কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা,ঢাকা-১০০০।

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

**শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ**

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৯-২০২০/ ১৩০১ তারিখঃ ২৬.০৪.২০২০ ইং

০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
০৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
০৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
০৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ সীমিত আকারে ব্যাংকিং ব্যবস্থা চালু রাখা প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ১০ বৈশাখ, ১৪২৭ বঙ্গাব্দ/ ২৩ এপ্রিল, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত ডিওএস সার্কুলার লেটার নং-১৪ এ বর্ণিত নির্দেশনা সংশ্লিষ্ট সকলের অবগতি তথা যথাযথ অনুসরণ ও পরিপালনের জন্য নিম্নে উল্লেখ করা হলো ঃ

০২। উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১৬/০৪/২০২০ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-১৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে। করোনাভাইরাস সংক্রমন রোধকল্পে সরকার ঘোষিত সাধারন ছুটির মধ্যে দেশের বিভিন্ন বন্দর (সমুদ্র/স্থল/বিমান) এর মাধ্যমে আমদানি-রপ্তানি কার্যক্রমে সুবিধা প্রদানের উদ্দেশ্যে এসব এলাকার (পোর্ট ও কাস্টমস্ এলাকা) অবস্থিত ব্যাংকের শাখা/বুথসমূহ স্থানীয় প্রশাসনসহ বন্দর/কাস্টমস্ কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে সপ্তাহে ৭ দিন ২৪ ঘন্টা খোলা রাখার বিষয়ে ০৫/০৮/২০১৯ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-২৪ এর মাধ্যমে যে নির্দেশনা প্রদান করা হয়েছিল তা বহাল রয়েছে। তদুপরি সরকার ঘোষিত সাধারণ ছুটির মধ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সীমিত আকারে ব্যাংকিং ব্যবস্থা চালু রাখা প্রসংগে সর্বশেষ ১৬ এপ্রিল ২০২০ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-১৩ এর অনুচ্ছেদ ২(ঙ)-তে এই বিষয়ে পুনরায় নির্দেশ বরা হয়েছে। এক্ষনে, চট্টগ্রাম বন্দরে সৃষ্ট পন্য জট নিরসনে আমদানীকৃত পণ্য দ্রুত খালাসের মাধ্যমে অধিকতর সুবিধা প্রদানের লক্ষ্যে দেশের প্রধান দুটি বানিজ্যিক এলাকা তথা মতিঝিল/দিলকুশা, ঢাকা এবং খাতুনগঞ্জ ও আগ্রাবাদ, চট্টগ্রাম- এ অবস্থিত শাখায় বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছেঃ

ক) অদ্য ২৬ এপ্রিল ২০২০ তারিখ হতে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত মতিঝিল/দিলকুশা, ঢাকা এবং খাতুনগঞ্জ ও আগ্রাবাদ, চট্টগ্রাম এলাকায় অবস্থিত সকল শাখাসমূহ প্রতি কার্যদিবসে খোলা থাকবে।

খ) উক্ত বাণিজ্যিক এলাকার ব্যাংক শাখাসমূহের দৈনিক ব্যাংকিং লেনদেনের সময়সূচি সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত পুনঃনির্ধারণ করা হল। এক্ষেত্রে লেনদেন পরবর্তী আনুষাঙ্গিক কায্ক্রম সম্পাদনের জন্য সংশ্লিষ্ট শাখা এবং প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ প্রয়োজনে দুপুর ৩.৩০ ঘটিকা পর্যন্ত খোলা থাকবে।

ঘ) ইতিপূর্বে ১৬/০৪/২০২০ তারিখে জরিকৃত ডিওএস লেটার নং-১৩ এর অন্যান্য সকল নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৩। বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত নির্দেশনা অনুসরণ ও পরিপালনের জন্য বিকেবি, প্রধান কার্যালয়ের আন্তর্জাতিক বানিজ্য বিভাগ, বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা; আগ্রাবাদ কর্পোরেট শাখা, চাক্তাই শাখা ও খাতুনগঞ্জ শাখা, চট্টগ্রাম কে পরামর্শ প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

২৬/০৪/২০২০

(মোহাম্মদ মনিরুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৭৪০২৫

সংযুক্তিঃ ০১ পাতা।

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৯-২০২০/১৩০১ তারিখঃ ২৬.০৪.২০২০ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে উপরোক্ত পত্রটি বিকেবির ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। নথি/মহানথি।

26-4-20

(তন্ময় কান্তি বালা)
মুখ্য কর্মকর্তা

Tanmay

বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-১৪

তারিখ ঃ ১০ বৈশাখ, ১৪২৭ বঙ্গাব্দ
২৩ এপ্রিল, ২০২০ খ্রিষ্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

সীমিত আকারে ব্যাংকিং ব্যবস্থা চালু রাখা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১৬/০৪/২০২০ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-১৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। করোনাভাইরাস সংক্রমণ রোধকল্পে সরকার ঘোষিত সাধারণ ছুটির মধ্যে দেশের বিভিন্ন বন্দর (সমুদ্র/স্থল/বিমান) এর মাধ্যমে আমদানি-রপ্তানি কার্যক্রমে সুবিধা প্রদানের উদ্দেশ্যে এসব এলাকায় (পোর্ট ও কাস্টমস্ এলাকা) অবস্থিত ব্যাংকের শাখা/বুথসমূহ স্থানীয় প্রশাসনসহ বন্দর/কাস্টমস্ কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে সপ্তাহে ৭ দিন ২৪ ঘন্টা খোলা রাখার বিষয়ে ০৫/০৮/২০১৯ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-২৪ এর মাধ্যমে যে নির্দেশনা প্রদান করা হয়েছিল তা বহাল রয়েছে। তদুপরি সরকার ঘোষিত সাধারণ ছুটির মধ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সীমিত আকারে ব্যাংকিং ব্যবস্থা চালু রাখা প্রসংগে সর্বশেষ ১৬ এপ্রিল ২০২০ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-১৩ এর অনুচ্ছেদ ২(ঙ)-তে এই বিষয়ে পুনরায় নির্দেশ প্রদান করা হয়েছে। এক্ষণে, চট্টগ্রাম বন্দরে সৃষ্ট পণ্য জট নিরসনে আমদানিকৃত পণ্য দ্রুত খালাসের মাধ্যমে অধিকতর সুবিধা প্রদানের লক্ষ্যে দেশের প্রধান দু'টি বাণিজ্যিক এলাকা তথা মতিঝিল/দিলকুশা, ঢাকা এবং খাতুনগঞ্জ ও আগ্রাবাদ, চট্টগ্রাম- এ অবস্থিত তফসিলি ব্যাংকসমূহের শাখার বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছেঃ

০১। আগামী ২৬ এপ্রিল ২০২০ তারিখ হতে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত মতিঝিল/দিলকুশা, ঢাকা এবং খাতুনগঞ্জ ও আগ্রাবাদ, চট্টগ্রাম এলাকায় অবস্থিত সকল তফসিলি ব্যাংকের শাখাসমূহ প্রতি কার্যদিবসে খোলা রাখতে হবে।

০২। উক্ত বাণিজ্যিক এলাকার ব্যাংক শাখাসমূহের দৈনিক ব্যাংকিং লেনদেনের সময়সূচী সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত পুনঃনির্ধারণ করা হল। এক্ষেত্রে লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের জন্য সংশ্লিষ্ট শাখা এবং প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ প্রয়োজনে দুপুর ৩.৩০ ঘটিকা পর্যন্ত খোলা রাখা যাবে।

০৩। ইতোপূর্বে ১৬/০৪/২০২০ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-১৩ এর অন্যান্য সকল নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নির্দেশ জারি করা হলো।

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং 8908 তাং 26/04/2020
★ ডিএমডি- 26/04/2020
★ জিএম
★ ডিজিএম BCRD
★ সভায় কার্যপত্র পেশ করুন
★ প্রয়োজনীয় পদক্ষেপ নিন
★ আলাপ করুন
★ জরুরী
ব্যবস্থাপনা পরিচালক

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ আমিনুর রহমান চৌধুরী)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১১৩